

## নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ

বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ (বানৌপক) সংঘ ঢাকা শাখার উদ্যোগে আজ সোমবার (০৯-০১-২০১৭) গরীব ও দুঃস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করা হয়েছে। ঢাকাস্থ নাবিক কলোনী, মিরপুর-১৪ এ সংঘের প্রেসিডেন্ট বেগম নাজমুন নিজাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এসকল শীতবস্ত্র বিতরণ করেন। সুবিধাবঞ্চিত শিশু, পঙ্গু, বয়স্ক নারী-পুরুষসহ অসহায় গরীব দুঃস্থ জনগোষ্ঠীর শীতের দুর্ভোগ লাঘবের লক্ষ্যে সংঘের নিজস্ব অর্থায়নে শীতবস্ত্রসমূহ বিতরণ করা হয়।



বাংলাদেশ নৌবাহিনী পরিবার কল্যাণ সংঘ ঢাকা এর প্রেসিডেন্ট বেগম নাজমুন নিজাম সোমবার (০৯-০১-২০১৭) মিরপুরস্থ নাবিক কলোনী মাঠে গরীব ও দুঃস্থদের মাঝে শীতবস্ত্র বিতরণ করেন।  
ছবি: আইএসপিআর

এসময় অন্যান্যের মধ্যে উক্ত সংঘের ঢাকা শাখার চেয়ারম্যান ও সচিবসহ কার্যনির্বাহী কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন।